

## প্রাথমিকে শিক্ষক বদলিতে নিষেধাজ্ঞা প্রত্যাহার

মঙ্গলবার, ১৪ জুন, ২০২২



সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক বদলির ওপর নিষেধাজ্ঞা তুলে নিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। গতকাল সোমবার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়া হয়।

নভেল করোনাভাইরাস মহামারির কারণে প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকায় ২০২০ সালের ২৫ অক্টোবর এক আদেশে শিক্ষক বদলি বন্ধ করে দিয়েছিল অধিদপ্তর।

গতকাল এসংক্রান্ত আদেশে বলা হয়, ২০২০ সালের ২৫ অক্টোবরের আদেশটি বাতিল করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা বলেন, আদেশ বাতিল করায় বদলি কার্যক্রম চালু হবে। এখন বদলি কার্যক্রম অনলাইন ও ম্যানুয়ালি সম্পন্ন হবে। এবারই প্রথম অনলাইনে বদলি কার্যক্রম চালু করা হচ্ছে।